

বিদেশে বাংলাদেশিদের কার্ড লেনদেনে শীর্ষে যুক্তরাষ্ট্র

- A Monitor Desk Report

Date: 01 July, 2025



ঢাকাঃ হাসিনা সরকারের পতনের পর ভারতের সঙ্গে বাংলাদেশের ভিসা জটিলতার কারণে দেশটির সঙ্গে বাংলাদেশের ক্রেডিট কার্ড লেনদেন কমেছে।

বাংলাদেশ ব্যাংকের প্রতিবেদন অনুসারে, ২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগের পতনের ৬ মাসের ব্যবধানে বাংলাদেশিদের ক্রেডিট কার্ড লেনদেনে শীর্ষে থাকা ভারত ৪র্থ স্থানে নেমে এসেছে।

ডিসেম্বরে বিদেশে বাংলাদেশিদের ক্রেডিট কার্ড লেনদেনে শীর্ষ রয়েছে যুক্তরাষ্ট্র, দ্বিতীয় স্থানে রয়েছে থাইল্যান্ড ও তৃতীয় স্থানে রয়েছে সিঙ্গাপুর।

২০২৪ সালের ডিসেম্বরে বিদেশে ক্রেডিট কার্ডের মাধ্যমে বাংলাদেশিরা খরচ করেছে ৪৯১ টাকা। আগের মাস নভেম্বরে খরচের পরিমাণ ছিল ৪৩২ কোটি টাকা।

বিদেশে বাংলাদেশিদের ক্রেডিট কার্ডের মাধ্যমে খরচ নভেম্বরের তুলনায় ডিসেম্বরে বাড়লেও ভারতে এ খরচ কমেছে।

গত বছরের জুনে ভারতে ক্রেডিট কার্ডের মাধ্যমে বাংলাদেশিরা খরচ করেছিল ৯২ কোটি টাকা বা মোট খরচের ১৭.৫৬ শতাংশ। ওই মাসে বিদেশে বাংলাদেশিদের ক্রেডিট কার্ড লেনদেনে ভারতের অবস্থান ছিল প্রথম।

এরপর গত অক্টোবরে বাংলাদেশিরা খরচ করেছে ৫৩ কোটি টাকা বা মোট লেনদেনের ১০.৭৮ শতাংশ। এই মাসে ভারতে বাংলাদেশিদের অবস্থান নেমে এসেছে তৃতীয়।

সর্বশেষ তথ্য বলছে, ২০২৪ সালের ডিসেম্বরে ভারতে ক্রেডিট কার্ডের মাধ্যমে বাংলাদেশিদের খরচ কমে দাঁড়িয়েছে ৪০ কোটি টাকা যা ছিল

মোট খরচের ৮.১৩ শতাংশ।

একটি শীর্ষস্থানীয় ব্যাংকের কার্ড বিভাগের প্রধান বলেন, '২০২৩ সালের তুলনায় ২০২৪ সালের ডিসেম্বরে বিদেশে কার্ডে লেনদেন কমানোর একটি কারণ হলো ভারতের ভিসা প্রাপ্তিতে চলমান জটিলতা। এই সমস্যা না থাকলে লেনদেনের পরিমাণ আরও বেশি হতো।

-B